তারিখ MAY 30 2000
পৃষ্ঠা ১৬ কলাম ৪

# চট্টগ্রাম ভার্সিটি খোলার দাবীতে আমরণ অনশন শুরু ॥ সিদ্ধান্ত ছাড়াই ভিসি-শিক্ষক বৈঠক শেষ

চট্টগ্রাম অফিস ॥ গতকাল শনিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আড়াই শতাধিক শিক্ষকের সহিত ভিসি অধ্যাপক আবদুল মান্নানের দীর্ঘ প্রায় ৫ ঘন্টার সভা কোন প্রকার সিদ্ধান্ত ছাড়াই শেষ হয়। দীর্ঘ প্রায় সাড়ে ৪ মাস ধরিয়া চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় বন্ধ থাকার পর গতকালই এতো বিপুল সংখ্যক শিক্ষক বিশ্ববিদ্যালয় সচল করাসহ সার্বিক পরিস্থিতির উপর বক্তব্য রাখেন।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ শিক্ষার্থী সমাজের প্রায় একশত ছাত্র-ছাত্রী বিশ্ববিদ্যালয় সচল করার দাবীতে গতকাল শনিবার সকাল হইতে বিশ্ববিদ্যালয় একাডেমী ভবনের সম্মুখে আমরণ অনশন কর্মসূচী শুরু করিয়াছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাধারণ ছাত্র-ছাত্রীবৃন্দ সকালে নগরীর নিউ মার্কেট চত্বরে ছাত্র ও অভিভাবক সমাবেশের আয়োজন করে। গতকাল বিশ্ববিদ্যালয় বিজ্ঞান ভবনে শিক্ষকগণ অবিলম্বে বিশ্ববিদ্যালয় খোলার জন্য দলমত নির্বিশেষে সিনিয়র শিক্ষকদের নিয়া একটি কমিটি গঠন করিয়া আলাপ আলোচনার মাধ্যমে বিশ্ববিদ্যালয় সচল

(১৫শ পৃষ্ঠায় ৬-এর কঃ দ্রঃ)

(শেষ পৃষ্ঠার পর)

করার আহবান জানান। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সরকার সমর্থক শিক্ষকগণ বলেন, এ পর্যন্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে যতগুলি হত্যাকান্ড ও সন্ত্রাসী ঘটনা ঘটিয়াছে সবগুলির বিচার বিভাগীয় তদন্ত করিতে হইবে। কয়েকজন শিক্ষক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আলাপ-আলোচনার ক্ষেত্রে সহযোগীতার জন্য সকল পর্যায়ের শিক্ষকদের আহবান জানান। বিএনপি ও জামায়াতপন্থী শিক্ষকগণ বর্তমান ভিসি, প্রো-ভিসিকে তাঁহাদের দায়িত্ব ছাড়িয়া দেওয়ার আহবান জানান। তাহারা বলেন, বর্তমান প্রশাসনের সময় সর্বোচ্চ সংখ্যক ছাত্র হত্যা হইয়াছে।